Renaissance group

Millennium Textiles (Southern) Ltd.

Corporate Office:
SM Tower, House 14, Road 2, Sector 3, Uttara, Dhaka, Bangladesh
PABX: +88 02 58957475, 0967 8882211; Fax: +88 02 58956658

Factory:
Bara Rangamatia, Ashulia, Savar, Dhaka 1341, Bangladesh
PABX: +88 02 7793045, 7791790, 7791820; Fax: +88 02 7792078

# মিলেনিয়াম টেক্সটাইলস্ (সাউদার্ন) লিঃ

বড় রাঙ্গামাটিয়া, জিরাব, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪১

FO/MTSL/HR/09/01

| ISSUSE NO | ISSUSE DATE |
|---|---|
| 1 | 01/10/2020 |

## নিয়োগপত্র / Appointment Letter

নাম ঃ সুবর্না মোস্তফা মুনা    আইডি নং ঃ ৩৩৫৫৪    গ্রেড ঃ ৩    পদবী ঃ জুনিঃ সুইং মেশিন অপারেটর

যোগদানের তারিখ ঃ ১২-০৭-২০২৬    কাজের ধরন ঃ স্থায়ী    কাজের প্রকৃতি ঃ সাধারণ

পিতার নাম ঃ গোলাম মোস্তফা    স্বামী বা স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

মাতার নাম ঃ আফরোজা খাতুন

**১.স্থায়ী ঠিকানা**

গ্রাম ঃ বন্দগোয়ালিয়া    পোষ্ট অফিস ঃ বনবাংলা

থানা ঃ মুক্তাগাছা    জেলা ঃ ময়মনসিংহ

**২.বর্তমান ঠিকানা**

প্রযত্নে ঃ    গ্রাম ঃ কাঠগড়া

পোষ্ট অফিস ঃ জিরাবো    থানা ঃ আশুলিয়া

জেলা ঃ ঢাকা

### প্রার্থীর চাকুরীর শর্তাবলী ও নিয়মাবলী ঃ

১. নিয়োগের কার্যকারীতা ঃ এই নিয়োগ পত্র চাকুরীতে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। আপনার ১২-০৭-২০২৬ তারিখের আবেদন ও সাক্ষৎকারের ভিত্তিতে নিম্নোক্ত শর্তে কর্তৃপক্ষ আপনাকে ১২-০৭-২০২৬ তারিখ হতে অত্র প্রতিষ্ঠানে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। আপনার শিক্ষানবিশকাল সমাপ্ত হলে আপনাকে সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত করা হবে। কেরানী-সংক্রান্ত কাজে নিযুক্ত কোন শ্রমিকের শিক্ষানবিশীকাল হইবে ছয় মাস এবং অন্যান্য সকল (দক্ষ/অদক্ষ) শ্রমিকের জন্য এই সময় হইবে তিন মাস তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে তাহার শিক্ষানবিশীকাল আরও তিন মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম তিন মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। আরও শর্ত থাক যে, শিক্ষানবিশকাল শেষে বা তিন মাস মেয়াদ বৃদ্ধি শেষে কনফরমেশন লেটার দেওয়া না হইলেও উপ-ধারা (৭) এর বিধান অনুযায়ী সংশ্লিষ্ট শ্রমিক উক্ত গ্রেডে স্থায়ী বলিয়া গণ্য হইবে।

২. আপনার প্রারম্ভিক বেতন হবে নিম্নরুপ ঃ (টাকা)

| ক) মূল বেতন | খ) বাড়ী ভাড়া | গ) চিকিৎসা ভাতা | ঘ) যাতায়াত ভাতা | ঙ) খাদ্য ভাতা | অন্যান্য ভাতা (যদি থাকে) | মোট বেতন |
|---|---|---|---|---|---|---|
| ৭৪০০ | ৩৭০০ | ৭৫০ | ৪৫০ | ১২৫০ | | ১৩৫৫০ |

মোট বেতন (কথায়) ঃ তের হাজার পাঁচ শত পঞ্চাশ টাকা মাএ ।

৩. প্রতি মাসের মজুরী পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হবে। চাকুরীর মেয়াদ ১ বছর পূর্ন হলে প্রতি বছর ক্রমবর্ধমান ভাবে গেজেট অনুসারে ৫% হারে বেতন বৃদ্ধি পাবে ।

৪. প্রতি কর্মদিবসে বিশ্রাম ও আহারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে। অতিরিক্ত কাজের সময় ভাতার হার হবে মুল মজুরীর হারের দ্বিগুন (ঘন্টায়)।

ওভার টাইম নির্ণয়ঃ ((মুল বেতন / ২০৮) * ২) অতিরিক্ত কাজের সময়।

৫. ছুটি/অবকাশ ঃ প্রত্যেক শ্রমিক নিম্নোক্ত হারে ছুটি পাবেন - (ক) সাপ্তাহিক ছুটি ঃ প্রতি সপ্তাহে ১ দিন । (খ) নৈমিত্তিক ছুটি ঃ প্রতি পঞ্জিকা বছরে পূর্ণ মজুরীসহ ১০ দিন। (গ) অসুস্থতার ছুটি ঃ প্রতি পঞ্জিকার বছরে পূর্ণ মজুরীসহ ১৪ দিন। (ঘ) মাতৃকল্যান ছুটি (নারী শ্রমিকদের জন্য)ঃ সবেতনে ১২০ দিন (সন্তান প্রসবের পূর্বে ৬০ দিন এবং পরে ৬০ দিন) এবং শ্রম আইন ২০০৬ ধারা ( ৪৫ - ৫০ ) এবং সংশ্লিষ্ট বিধি ২০১৫ অনুযায়ী সকল সুযোগ সুবিধা প্রদান করা হয়। (ঙ) উৎসব ছুটি ঃ প্রতি পঞ্জিকা বছরে পূর্ণ মজুরীসহ ন্যুনতম ১৩ দিন । (চ) বার্ষিক ছুটি ঃ চাকুরীর মেয়াদ ১ বছর পূর্ণ হলে প্রতি ১৮ দিন কাজের জন্য ১ দিন সবেতনে ছুটি প্রাপ্য হবে। আইন অনুযায়ী উক্ত ছুটির বিপরীতে বছরান্তে অর্ধেক নগদায়ন করা যেতে পারে।

৬. প্রতি বছরে ২টি ঈদ বোনাস প্রদান করা হয়। চাকুরির মেয়াদ ০১ (এক) বছর বা তার চেয়ে বেশী হলে মুল বেতনের ১০০% হারে ঈদ বোনাস প্রদান করা হয়; এছাড়া এক বছরের কম হলে কোম্পানীর নীতিমালা মোতাবেক প্রদান করা হয়।

৭. শ্রমিক কর্তৃক চাকুরী পরিসমাপ্তি ঃ প্রত্যেক স্থায়ী শ্রমিক চাকুরী হতে পদত্যাগ করতে চাইলে, শ্রম আইন ২০০৬ অনুযায়ী অগ্রীম ৬০ দিনের লিখিত নোটিশ অথবা নোটিশের পরিবর্তে ৬০ দিনের মূল মজুরী কোম্পানীকে প্রদান করে পদত্যাগ করতে পারেন।



CamScanner

Renaissance group

Millennium Textiles (Southern) Ltd.

Corporate Office:
SM Tower, House 14, Road 2, Sector 3, Uttara, Dhaka, Bangladesh
PABX: +88 02 58957475, 0967 8882211; Fax: +88 02 58956658
Factory:
Bara Rangamatia, Ashulia, Savar, Dhaka 1341, Bangladesh
PABX: +88 02 7793045, 7791790, 7791820; Fax: +88 02 7792078

৮. মালিক কর্তৃক চাকুরী পরিসমাপ্তি ঃ কর্তৃপক্ষ কোন স্থায়ী কর্মীর চাকুরী অবসান করতে চাইলে শ্রম আইন ২০০৬ অনুযায়ী অগ্রিম ১২০ (একশত বিশ) দিনের লিখিত নোটিশ অথবা নোটিশের পরিবর্তে ১২০ (একশত বিশ) দিনের মূল মজুরী প্রদান করে চাকুরী পরিসমাপ্তি করতে পারবেন। তাহার প্রত্যেক সম্পূর্ন বছরের চাকুরীর জন্য -(ক) যদি তিনি ৩ (তিন) বৎসর পযর্ন্ত অবিছিন্ন ভাবে মালিকের অধীনে চাকুরী করিয়া থাকেন তাহা হইলে প্রতি বছরের জন্য ৭ (সাত) দিনের মজুরী প্রদান করিবেন। (খ) যদি তিনি ৩ (তিন) বৎসরের বেশি কিন্তু ১০ (দশ) বৎসরের কম মেয়াদে অবিছিন্ন ভাবে মালিকের অধীনে চাকুরী করিয়া থাকেন তাহা হইলে প্রতি বছরের জন্য ১৫ (পনের) দিনের মজুরী প্রদান করিবেন। (গ) যদি তিনি ১০ (দশ) বৎসর বা তদুর্দ্ধ সময় মালিকের অধীন চাকুরী করিয়া থাকেন তাহা হইলে প্রতি বছরের জন্য ৩০ (ত্রিশ) দিনের মজুরী প্রদান করিবেন এবং যাহা শ্রমিককে প্রদেয় অন্যান্য সুবিধার অতিরিক্ত হইবে ।

৯. হাজিরা বোনাস - প্রতি কর্মদিবসে সঠিক সময় উপস্থিত হলে কোম্পানীর নীতিমালা মোতাবেক হাজিরা বোনাস ৮০০ টাকা প্রাপ্য হবেন ।

১০. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শ্রম আইনের ধারা-১৮ অনুযায়ী আপনাকে এই প্রতিষ্ঠানের যে কোন বিভাগ বা একই গ্রুপের যে কোন কারখানায়/অফিসে বদলি করিতে পারবেন।

১১. কোম্পানীর সমস্ত কাগজপত্র, অথবা কোন বস্ত আপনার হেফাজতে থাকলে, সেই সকল দ্রব্যাদি আপনি ফেরত দিবেন আপনি নিদ্দিষ্ট দায়িত্ব পালনকালে বা চাকুরী পরিবর্তনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যবসায়িক কৌশলের গোপনীয়তা সংরক্ষন করবেন।

১২. নিয়োগের যাবতীয় শর্ত বিদ্যমান শ্রম আইন অনুযায়ী পরিচালিত হবে। আমি সুবর্না মোস্তফা মুনা কোন প্রকার জোর জবরদস্তি ছাড়া সজ্ঞানে এই পত্রে উল্লেখিত সব কিছু জেনে শুনে, সকল নিয়ম-কানুন মেনে নিয়ে এই পত্রে স্বাক্ষর করিলাম এবং এর একটি কপি সঙ্গে রাখিলাম।

মিলেনিয়াম টেক্সটাইলস্ (সাউদার্ন) লিঃ এর পক্ষে,

নিয়োগ কর্তার স্বাক্ষর

গ্রহনকারীর স্বাক্ষর

Renaissance group

This document is the property of Renaissance Group and the information contained herein is confidential. Please maintain its confidentiality except when absolutely necessary and should be consistent with intended use.



CamScanner